# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৪৮৪

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/১৬. লাশের আগে আগে যাওয়া।

بَاب مَا جَاءَ فِي الْمَشْيِ أَمَامَ الْجِنَازَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ أَنْبَأَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ عَنْ يَحْيَى بْنِ عَبْدِ اللهِ التَّيْمِيِّ عَنْ أَبِي مَاجِدَةَ الْحَنَفِيِّ عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُودٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم الْجِنَازَةُ مَتْبُوعَةٌ وَلَيْسَتْ بِتَابِعَةٍ لَيْسَ مِنْهَا مَنْ تَقَدَّمَهَا

বাংলা

৩/১৪৮৪। ’আবদুল্লাহ ইবনু মাস’উদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লাশের অনুসরন করতে হবে (পিছনে পিছনে যেতে হবে), লাশ অনুসরণ করবে না (পেছনে থাকবে না)। যে ব্যক্তি লাশের আগে আগে যায়, সে জানাযার সাথে শরীক নয়।

## English

It was narrated from ‘Abdullah bin Mas’ud that the Messenger of Allah (ﷺ) said:
‘The funeral should be followed and should not follow. There should be no one with it who walks ahead of it.”

ফুটনোট

তিরমিযী ১০১১, আবূ দাউদ ৩১৮৪ মিশকাত ১৬৬৯।

তাহকীক আলবানীঃ যঈফ। উক্ত হাদিসের রাবী ইয়াহইয়া বিন আবদুল্লাহ আত-তায়মী সম্পর্কে ইব্বনু আদী বলেন, আমি আশা করি তার মাঝে কোন সমস্যা নেই। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু হাতিম আর-রাযী তাকে দুর্বল বলেছেন। আল আজালী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তিনি নির্ভরযোগ্য নয়। ২. আবু মাজিদাহ আল হানাফী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি অপরিচিত। ইমাম

বুখারী ও ইমাম নাসাঈ বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ইমাম তিরমিযি বলেন, তিনি অপরিচিত। আস-সাজী বলেন, তিনি অপরিচিত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21619

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন